# ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি
# বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ

## ভর্তি-নির্দেশিকা

বিভাগ: নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং

প্রোগ্রাম: বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং

শিক্ষাবর্ষ: ২০২৪-২০২৫

| | |
|---|---|
| **পরীক্ষার তারিখ** | **২১ ডিসেম্বর ২০২৪ (রোজ শনিবার)** |
| প্রবেশপত্র ডাউনলোড | ১৫ ডিসেম্বর - ১৯ ডিসেম্বর ২০২৪ |
| **পরীক্ষার সময়** | **বিকাল ১৫:০০ ঘটিকা থেকে ১৬:৩০ ঘটিকা** |
| পরীক্ষার সময়কাল | ৯০ মিনিট |
| পরীক্ষা কেন্দ্রে প্রবেশ | বিকাল ১৪:৩০ মিনিট |

**ভর্তির যোগ্যতা:**

বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি বাংলাদেশ-এর ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ এর অধীনে নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং বিভাগে বিএসসি ইন নেভাল আর্কিটেকচার এন্ড অফশোর ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামে স্নাতক (সম্মান) শ্রেণিতে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছুক বাংলাদেশের নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

১। যে সকল শিক্ষার্থী ২০২১ অথবা ২০২২ সালে মাধ্যমিক/ সমমানের পরীক্ষায় এবং ২০২৩ অথবা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে কেবল সে সকল শিক্ষার্থী বিএসএমআর মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ- এর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

২। **বিজ্ঞান শাখা** হতে উচ্চ মাধ্যমিক/সমমানের এবং মাধ্যমিক/সমমানের উভয় পরীক্ষায় ন্যূনতম G.P.A- 4.00 সহ উত্তীর্ণ হতে হবে ।

৩। উচ্চ মাধ্যমিক/সমমানের পরীক্ষায় ইংরেজি, পদার্থবিজ্ঞান, রসায়ন এবং গণিত এ চার (০৪) টি বিষয়ের মধ্যে যে কোন দুই (০২) টিতে "A" Grade থাকতে হবে। অন্যান্য সকল বিষয়ে নূন্যতম "B" Grade থাকতে হবে।

৪। ইংরেজি মাধ্যম এর শিক্ষার্থীদের ক্ষেত্রে - O-Level এ গণিত, পদার্থবিজ্ঞান এবং রসায়ন সহ নূন্যতম পাঁচ (০৫) টি বিষয়ে কৃতকার্য হতে হবে। দুই (০২) এর অধিক বিষয়ে "C" Grade আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। A-Level এ -গণিত, রসায়ন এবং পদার্থবিজ্ঞান এই তিন (০৩) টি বিষয়ে কৃতকার্য হতে হবে। একের অধিক বিষয়ে "C" Grade আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

**আবেদনের নিয়মাবলী:**

৫। আবেদনকারীকে নির্ধারিত ওয়েবসাইট (applyonline.bsmrmu.edu.bd) এর মাধ্যমে **১০ নভেম্বর ২০২৪ থেকে ০১ ডিসেম্বর ২০২৪** তারিখের মধ্যে আবেদন করতে হবে। প্রতি ফ্যাকাল্টি-এর জন্য আবেদন ফি ৮০০/- (টাকা আটশত মাত্র)। নির্ধারিত আবেদন ফি মোবাইল ব্যাংকিং (নগদ/ বিকাশ/ রকেট/ মাই ক্যাশ/ টি ক্যাশ ইত্যাদি) এবং ডেবিট/ক্রেডিট কার্ড (VISA, Master Card) এর মাধ্যমে প্রদান করা যাবে। আবেদন ও ফি জমা দেয়ার বিষয়ে বিস্তারিত নির্দেশনা ও তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে (www.bsmrmu.edu.bd)। ভর্তি পরীক্ষা নিম্নেবর্ণিত ০৫ টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে **(যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক তা ভর্তির আবেদন ফর্মে উল্লেখ করতে হবে)।**

(ক) ঢাকা খ) চট্টগ্রাম (গ) রংপুর (ঘ) খুলনা ঙ) রাজশাহী

৬। ভর্তি পরীক্ষা ২১ ডিসেম্বর ২০২৪ (রোজ শনিবার) বিকাল ১৫:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে।

৭। ভর্তি পরীক্ষায় প্রার্থীদের পরীক্ষার স্থান ওয়েবসাইটে (www.bsmrmu.edu.bd) জানিয়ে দেয়া হবে।

৮। ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক পদ্ধতিতে (MCQ) মোট ৯০ মিনিটের জন্য অনুষ্ঠিত হবে। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। উল্লেখ্য, উত্তরদান পদ্ধতি প্রশ্নপত্রের নির্দেশাবলি অংশে বর্ণিত থাকবে।

**ভর্তি পরীক্ষায় নম্বর ও সময় বন্টন নিম্নরুপঃ**

| অনুষদ | নৈর্ব্যক্তিক পরীক্ষা (MCQ) | |
|---|---|---|
| | নম্বর | সময় |
| ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি | ১০০ | ৯০ মিনিট |

৯। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত GPA এর ভিত্তিতে মেধাস্কোর নির্ধারিত হবে।

১০। মোট ১০০ নম্বরের ভিত্তিতে শিক্ষার্থীদের মেধাতালিকা তৈরী করা হবে। ভর্তি পরীক্ষায় ৬০% নির্ধারিত থাকবে এবং অবশিষ্ট ৪০% এর মধ্যে মাধ্যমিক/সমমান পরীক্ষায় ২০% এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় ২০% নির্ধারিত থাকবে।

১১। পরীক্ষার উদ্দেশ্য হবে উচ্চ মাধ্যমিক পর্যায়ে অর্জিত জ্ঞান যাচাই করা। উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠ্যক্রমের ভিত্তিতে প্রশ্নপত্র প্রণয়ন করা হবে। ভর্তি পরীক্ষার নম্বর বন্টন হবে নিম্নরুপ:

| বিষয় | নম্বর |
|---|---|
| ইংরেজি | ২০ |
| গণিত | ২০ |
| পদার্থবিজ্ঞান | ২০ |
| রসায়ন | ২০ |
| আইসিটি | ২০ |
| মোট নম্বর | ১০০ |

**বিশেষ দ্রষ্টব্য:**

১। ভর্তির জন্য চুড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ফরমের সাথে প্রয়োজনীয় সনদপত্র যথা-মার্কসীট/সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি ছাড়াও নিম্নে উল্লিখিত কাগজ সমূহ জমা দিতে হবে:

ক। প্রার্থী সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে সে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র।
খ। উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি।
গ। মাধ্যমিক শ্রেণির রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
ঘ। ৫ কপি পাসপোর্ট সাইজ ছবি।

২। পরীক্ষার হলে Non Programmable Calculators ব্যবহার করা যাবে। যে কোনো প্রকার Programmable Calculators ব্যবহার করা সম্পূর্ণরূপে নিষিদ্ধ।

৩। পরীক্ষার হলে মোবাইল ফোন বা তদ্রুপ কোন ডিভাইস সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ।